

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা

স্মারক নং-৫৮.০৩.০০০০.০২০.৪৫.০০৪.২০-

তারিখ: _____

অফিস আদেশ

সাম্প্রতিক সময়ে সারাদেশে ডেঙ্গু রোগের সংক্রমণ আশঙ্কাজনকভাবে বৃদ্ধি পাচ্ছে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের দপ্তর/ফায়ার স্টেশনসমূহে প্রয়োজনীয় প্রতিরোধমূলক কার্যক্রম নিশ্চিত করার মাধ্যমে এই রোগ প্রতিরোধ/নিয়ন্ত্রণ রাখা সম্ভব। এ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের নিরাপদ রাখতে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ প্রতিপালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং পর পর তিন দিন রোলকলে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

নির্দেশনাবলি:

১. পরিত্যক্ত ক্যান, টিনের কৌটা, মাটির পাত্র, প্লাস্টিকের পাত্র বা খেলনা, নারিকেলে খোসা, ভাঙ্গা বোতল, খালি চিপস বা বিস্কুটের প্যাকেট পলিব্যাগ ইত্যাদি যত্রতত্র ফেলা যাবে না এবং যেগুলো ইতোমধ্যে ফেলা হয়েছে সেগুলো সম্পূর্ণ সরিয়ে বা পুড়িয়ে ফেলতে হবে;
২. দপ্তর/ফায়ার স্টেশনের ভবন বা প্রাঙ্গণে সংরক্ষিত ফুলের টবে পানি জমতে দেয়া যাবে না;
৩. গাছের গুড়ি, পুরানো টায়ারে পানি জমে থাকলে তা পরিষ্কার করতে হবে এবং শুকনো রাখতে হবে;
৪. দপ্তর/ফায়ার স্টেশনের ভবন, অব্যবহৃত রাস্তায়, সিমেন্টের মেঝেতে ছোট ছোট গর্ত থাকলে তা মাটি বা সিমেন্ট দিয়ে ভরাট করে দিতে হবে;
৫. রড/লাঠি বা হ্যাচার দিয়ে ড্রেনে জমা পানি প্রতি ০৩(তিন) দিন অন্তর নেড়ে দিতে হবে এবং জলাবদ্ধহীন রাখতে হবে। প্রয়োজনে জমে থাকা পানিতে ব্লিচিং পাউডার ছিটাতে হবে;
৬. দপ্তর/ফায়ার স্টেশন এলাকাসমূহে ব্যাপকভাবে এডিস মশার শূককীট নাশক ঔষধ (লার্ভিসাইড) ছিটাতে হবে;
৭. মশা লুকানোর স্থানসমূহ যেমন: - সোফা, আলমিরা ও আসবাবপত্রের পিছনে, পর্দার আড়ালে কীটনাশক ঔষধ ছিটাতে হবে;
৮. দপ্তর/ফায়ার স্টেশন ভবন/আবাসিক কোয়ার্টারের আশেপাশে ঝোপ জঙ্গল মুক্ত রাখতে হবে এবং ফগিং পদ্ধতিতে নিয়মিত কীটনাশক ঔষধ ছিটাতে হবে;
৯. দপ্তর/ফায়ার স্টেশন ভবন/আবাসিক কোয়ার্টারের চারপাশে দরজা- জানালায় মশক নিরোধক জাল ব্যবহার করতে হবে ;
১০. দপ্তর/ফায়ার স্টেশনে অকেজোভাবে রক্ষিত ও কনডেমের জন্য প্রক্রিয়াধীন পুরানো গাড়ি, সাজ-সরঞ্জামাদির কভের/নিলাম সংক্রান্ত কার্যক্রম দ্রুত সমাপ্ত করতে হবে অথবা কার্যক্রম সমাপ্ত না হওয়া পর্যন্ত পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে;
১১. যথাসম্ভব ফুল হাতা জামা, ফুল প্যান্ট ও মোজাসহ জুতা পরিধান করতে হবে;
১২. কর্তব্যরত অবস্থায় মসকুইটো রিপিলেন্ট ব্যবহার করতে হবে;
১৩. ঘুমানোর সময় অবশ্যই মশারী ব্যবহার করতে হবে (দিনের বেলাতেও);
১৪. মশার কয়েল, মশক নিধন স্প্রে ইত্যাদি ব্যবহার করতে হবে।

স্বাক্ষরিত/-

মোঃ ওয়াহিদুল ইসলাম

পরিচালক (প্রশাসন ও অর্থ)

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০৩.৯৯.০১৮.১৩-


১৩২৮

তারিখ: ২০১৪/১২/৩০ রঃ
শাহজাহান

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক(প্রশাঃ ও অর্থ/অপাঃ ও মেইনঃ/পরিকল্পনা/উন্নয়ন/অ্যাধুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।

- ৪। উপ পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
তাকে তার আওতাধীন সকল দপ্তর/ফায়ার স্টেশনে পত্রটি প্রেরণসহ প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ৫। সহকারী পরিচালক, (প্রশাঃ ও অর্থ/অপারেশন/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/ক্রয় ও স্টোর/পরিকল্পনা/প্রশিক্ষণ/উন্নয়ন) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,(সকল)।
- ৭। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল/কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ/মিডিয়া সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৯। সহকারী যোগাযোগ প্রকৌশলী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ১০। মেকানিক্যাল ট্রান্সপোর্ট অফিসার, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ১১। অত্র অধিদপ্তরের প্রশাসন/রেশন/বৈদেশিক ক্রয়/পরিকল্পনা/প্রশিক্ষণ/উন্নয়ন/হিসাব/রেকর্ড ও ডাটাবেজ/অ্যাম্বুলেন্স/তদন্ত/কেন্দ্রীয় ক্রয় ও স্টোর/ওয়্যারহাউজ ও ফায়ার প্রিভেনশন/ছুটি/বাসা বরাদ্দ/পত্র গ্রহণ ও বিতরণ/বেতার/কল্যাণ ট্রাস্ট/প্রশিক্ষণ/ফায়ার সেফটি সেল/আইসিটি সেল/মিডিয়া সেল/লিগ্যাল এন্ড এস্টেট সেল/গার্ড ফাইল।


মোঃ জসীম উদ্দিন, পিএফএম
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)